দৈনিক সংবাদ

তারিখ ... JUL 24 1999
পৃষ্ঠা 2 কলাম 2

৩১

# ডিগ্রি পরীক্ষার ফল দ্রুত প্রকাশের দাবি

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দ সরকারের শিক্ষা সংকোচন নীতির তীব্র প্রতিবাদ জানিয়েছেন। তারা অবিলম্বে ডিগ্রি পরীক্ষার ফলাফল প্রকাশ করার দাবি জানান এবং কলেজসমূহে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্রভর্তি বন্ধ করার সিদ্ধান্তের প্রতিবাদ জানান।

গতকাল শুক্রবার ঢাকা মহানগর কার্যালয়ে নগর কমিটির সভাপতি মাহাবুবুর রহমান শিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন কেন্দ্রীয় সংসদের সভাপতি মঞ্জুর-এ-খোদা টরিক, নগর সাধারণ সম্পাদক সাজেদুল হক রুবেল, সাংগঠনিক সম্পাদক ফিরোজ আলম মামুন, সহ-সাধারণ সম্পাদক রাসেল মল্লিক, কোষাধ্যক্ষ সামসুজ্জামান চৌধুরী জয়, সদস্য নাসিরা সোনম প্রমুখ।

সভায় আগামী ১লা আগস্ট সকাল ১০টায় মুক্তাঙ্গনে 'ডিগ্রি পরীক্ষার ফলাফল দ্রুত প্রকাশ এবং কলেজসমূহে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ছাত্রভর্তি বন্ধ করার সিদ্ধান্তের প্রতিবাদে' বিক্ষোভ সমাবেশের কর্মসূচি ঘোষণা করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।